# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১০. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সৌন্দর্য প্রসঙ্গে

## بَاب فِي حُسْنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يَزِيدَ الرِّفَاعِيُّ، حَدَّثَنَا أَبُو بَكْرٍ، عَنْ حَبِيبِ بْنِ خُدْرَةَ، حَدَّثَنِي رَجُلٌ مِنْ بَنِي حُرَيْشٍ، قَالَ: كُنْتُ مَعَ أَبِي حِينَ رَجَمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَاعِزَ بْنَ مَالِكٍ رَضِيَ اللهُ عَنْهُ، فَلَمَّا أَخَذَتْهُ الْحِجَارَةُ أُرْعِبْتُ، فَضَمَّنِي إِلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَالَ عَلَيَّ مِنْ عَرَقِ إِبْطِهِ مِثْلُ رِيحِ الْمِسْكِ

رجاله ثقات غير حبيب بن خدرة

বাংলা

৬৪. হাবীব ইবনু খুদরাহ হতে বর্ণিত হয়েছে, তিনি বলেছেন, হুরাইশ গোত্রের এক ব্যক্তি কর্তৃক বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মায়িয ইবনু মালিককে রজম (শরীয়াতের শাস্তি হিসেবে পাথর মেরে হত্যা) করেন, তখন আমি আমার পিতার সাথে সেখানে উপস্থিত ছিলাম। যখনই কোন একটি পাথর তাকে আঘাত করছিল, তখনই আমি ভয় পাচ্ছিলাম। ফলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বুকে জড়িয়ে নিলেন। তখন মিশকের সুগন্ধির মত সুগন্ধযুক্ত ঘাম তাঁর বাহুমূল (বগল) থেকে আমার উপর গড়িয়ে পড়ছিল।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর বর্ণনাকারীগণ বিশ্বস্ত, হাবীব বিন খুদরাহ ব্যতীত। (ফাতহুল মান্নানে এক যয়ীফ বলা হয়েছে ‘ইনকিতাহ’ বা বিচ্ছিন্নতা ও হাবীব বিন খুদরাহ’র ‘মাজহুল’ বা অজ্ঞাত পরিচয়’ হওয়ার কারণে- পৃ: ৪৬৪- অনুবাদক)

তাখরীজ: (অন্য কোন হাদীস গ্রন্থে এটি বর্ণিত হয়েছে বলে মুহাক্কিক্ব উল্লেখ করেননি। বরং হাবীব বিন খুদরাহ’র

জীবনী বর্ণনায় ‘রাবীদের জীবনমূলক গ্রন্থে এটি বর্ণনা করা হয়েছে। যেমন- মীযানুল ই’তিদাল ১/৪৫৪।- অনুবাদক)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45829

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন